

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।  
www.unobiswambarpur@gmail.com

-: নিয়োগ বিজ্ঞপ্তি :-

: স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সংক্রান্ত বিধিমালা, ২০১৫ এর বিধি ৭ (১) এর উপ বিধি (১) এর আলোকে অত্র উপজেলার নিম্ন বর্ণিত ইউনিয়ন পরিষদের নামের পার্শ্বে উল্লেখিত ওয়ার্ডসমূহে দফাদার ও মহল্লাদারের শূন্যপদে লোক নিয়োগের জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম	ইউনিয়ন পরিষদের নাম	পদের নাম	ওয়ার্ড নং	মোট শূন্য পদের সংখ্যা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা	মন্তব্য
০১	সলুকাবাদ	মহল্লাদার	১, ২, ৭	৩(তিন)	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	
০২	বাদাঘাট (দ:)	মহল্লাদার	২, ৮	২ (দুই)	-এ-	-এ-	-এ-	
০৩	ধনপুর	মহল্লাদার	৭, ৮	২ (দুই)	-এ-	-এ-	-এ-	
০৪	পলাশ	মহল্লাদার	১	১ (এক)	-এ-	-এ-	-এ-	

-: শর্তাবলী :-

০১. দফাদার পদের জন্য মাসিক বেতন ৩.৪০০/- (তিন হাজার চারশত) টাকা। মাসিক বেতনের সম পরিমাণ বৎসরে ২ (দুই) টি উৎসব ভাতা। মাসিক বেতন ও উৎসব ভাতার ৫০% সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের আয় হতে এবং ৫০% সরকার কর্তৃক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে একত্রে ১০০% প্রদান করা হবে।

০২. আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বয়স/জন্ম তারিখ (জন্ম নিবন্ধন সনদ দাখিল করতে হবে), ভোটার আই ডি নম্বর, ধর্ম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা (ওয়ার্ড নম্বর সহ), প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও শারিরিক যোগ্যতার মাপ, উল্লেখপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ বরাবরে A4 সাইজের কাগজে আবেদন দাখিল করতে হবে।

০৩. ২০/১১/২০১৮ খ্রি: তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধাদের স্বপক্ষে প্রমাণসহ ১৮ থেকে ৩২ বছর হতে হবে।

০৪. আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, ভোটার আই ডি/জন্ম সনদের সত্যায়িত কপি, সম্প্রতি তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

০৫. শারিরিক যোগ্যতা :- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে : (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৫০ কেজি।

মহিলা প্রার্থীর ক্ষেত্রে : (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, (খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

০৬. মৃত/অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

০৭. ক্রেডিটপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বেপ্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৮. বেতন ভাতাদি সহ অন্যান্য সুবিধাদি সরকার কর্তৃক নির্ধারিত হাওে প্রাপ্য হবেন।

০৯. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০. আবেদনপত্র আগামী ২০/১১/২০১৮ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ এর কার্যালয়ে সরাসরি জমা দিতে হবে। আবেদনপত্রের খামের উপর “মহল্লাদার পদের জন্য আবেদন” উল্লেখ করতে হবে।

চলমান -২

১১. উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি কম্পিউটারে টাইপকৃত। কোন প্রকার ভুল পরিলক্ষিত হলে তা সংশোধনযোগ্য।

(সমীর বিশ্বাস)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

দফাদার/মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি  
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

তারিখ : ০২ নভেম্বর ২০১৮ খ্রি।

স্মারক নং : ০৫.৪৬.৯০১৮.০০০.০৭.০২১.১৭-২৯৪৮

অনুলিপি : সদয় অবগতির জন্য।

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে/বহুল প্রচারের জন্য।

- ৪। উপজেলা প্রকৌশলী ও সদস্য, দফাদার/মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
- ৫। অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানা ও সদস্য, দফাদার/মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
- ৬। উপজেলা অনসার ও ডিডিপি কর্মকর্তা ও সদস্য সচিব, দফাদার/মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
- ৭। চেয়ারম্যান, সদূকাবাদ/বাদাঘাট (দঃ)/ধনপুর/পলাশ/ফতেপুর, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ। তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের নোটিশ বোর্ড, ওয়ার্ডসমূহের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং তার অধিক্ষেত্রভুক্ত হাট-বাজারসমূহে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। নোটিশ বোর্ড/উপজেলা তথ্য বাতায়ন, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

(সমীর বিশ্বাস)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

দফাদার/মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি  
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।